

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অতি জরুরী


নং ১২.০০.০০০০.০৩০.৪০.১৮৭.১৮-২৫৩

তারিখ : ০৯/০৪/১৪২৯ বঙ্গাব্দ  
২৪/০৭/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : সারের মনিটরিং কার্যক্রম জোরদার করা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি পণ্য উৎপাদনের ক্ষেত্রে সার একটি অপরিহার্য উপাদান। মূল্যবান বৈদেশিক মুদ্রা ব্যয়ে আমদানিকৃত এ সার ভর্তুকি মূল্যে ডিলারদের মাধ্যমে কৃষকের নিকট বিক্রয় করা হয়ে থাকে। সুষ্ঠুভাবে সারা দেশে সার সরবরাহের জন্য প্রতিটি জেলায় মাসের চাহিদার ইউরিয়া সার বিসিআইসি হতে এবং টিএসপি, ডিএপি এবং এমওপি সার কৃষি মন্ত্রণালয় হতে নিয়মিতভাবে বরাদ্দ প্রদান করা হয়। জেলা পর্যায়ে হতে ডিলারদের অনুকূলে সারের উপ-বরাদ্দপত্র ইস্যুর পর বিধি মোতাবেক উক্ত ডিলার বিসিআইসি/বিএডিসি/বেসরকারি আমদানিকারক-এর নিকট হতে সার সংগ্রহ করে নিজ গুদামে মজুদ করেন এবং সারের আগমনী বার্তা সংশ্লিষ্ট কৃষি অফিসে দাখিল করেন। অতঃপর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাগণ উক্ত গুদাম যাচাই করে সারের বিক্রয় আদেশ দেয়ার পর ডিলার কর্তৃক সার বিক্রয় শুরু হয়। ডিলারদের নামে বরাদ্দকৃত সার আইনত হস্তান্তর যোগ্য নয়। কিন্তু ডিলারগণের নামে বরাদ্দকৃত সারের ডেলিভারি অর্ডার (ডিও) অনেক ক্ষেত্রে মধ্যস্থত্বভোগী/পরিবহণ ঠিকাদারদের নিকট বিক্রয় করে দেয়া এবং মধ্যস্থত্বভোগীরা নির্ধারিত স্থানের সার অনির্ধারিত স্থানে বেশিদামে বিক্রয় করে দেয়ার অভিযোগ আসছে।

০২। এমতাবস্থায়, জেলা/উপজেলার জন্য বরাদ্দকৃত সার ডিলার কর্তৃক উত্তোলন নিশ্চিত করাসহ সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয়ের বিষয়ে প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনাসহ কঠোর নজরদারির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
28/07/22  
(শেখ বদিউল আলম)

উপ-প্রধান

ফোনঃ ৯৫৪০৬০৬

ই-মেইল : [alam.badiul@gmail.com](mailto:alam.badiul@gmail.com)

বিতরণ :

- ১। জেলা প্রশাসক, ----- (সকল)।
- ২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- (সকল)।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে

- ঃ মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ঃ বিভাগীয় কমিশনার ----- (সকল)।
- ঃ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
- ঃ অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর----- (সকল)।
- ঃ সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ঃ সহকারি প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ঃ অতিরিক্ত সচিব (সম্প্রসারণ/সার ব্য: ও উ:) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।